



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/5/2021

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা করেছেন 7 জুলাই, 2021 তারিখ থেকে নিউব্রাগ-বেকন ব্রিজে ক্যাশলেস টোলিং বাস্তবায়ন করা হবে

অত্যাধুনিক সেন্সর এবং ক্যামেরা যা অবিরাম ভ্রমণের অভিজ্ঞতার জন্য ই-জেড পাস (EZ-Pass) পড়তে পারবে

নিউ ইয়র্ক স্টেট ব্রিজ অথোরিটি (New York State Bridge Authority) মোটর চালকদের ই-জেড পাস ব্যবহার করতে এবং টোল পেমেন্টের মাধ্যমে সাশ্রয় এবং সুবিধা নিতে উৎসাহ দিচ্ছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে 7 জুলাই, 2021 তারিখ বুধবার মধ্যরাত থেকে নিউব্রাগ-বেকন ব্রিজে ক্যাশলেস টোলিং বাস্তবায়ন করা হবে। মোটরচালকরা অত্যাধুনিক সেন্সর এবং ক্যামেরা সহ গ্যান্ড্রির তলা দিয়ে অবিরাম ভ্রমণের অভিজ্ঞতা লাভ করবেন যা ই-জেডপাস ট্যাগ পড়বে এবং লাইসেন্স প্লেটের ছবি তুলবে। যে সকল যানবাহনের ই-জেড পাস ট্যাগ থাকবে তাদের স্বয়ংক্রিয়ভাবে চার্জ করা হবে এবং যে সব যানের ই-জেড পাস থাকবে না তাদের লাইসেন্স প্লেটের ছবি তুলে নিবন্ধিত যানের মালিকের কাছে টোল পরিশোধের জন্য Tolls by Mail NY এর মাধ্যমে বিল মেইল করা হবে।

"একবিংশ শতকে আমাদের অর্থনীতিকে প্রতিযোগিতামূলক রাখতে একটি অত্যাধুনিক, হাই-টেক সিস্টেম অত্যাবশ্যকীয় এবং এটি ঘটাতে আমরা সবচেয়ে আপ টু ডেট টেকনলজি ব্যবহার করছি," বলেছেন **গভর্নর কুওমো**। "নিউব্রাগ-বেকন ব্রিজে ক্যাশলেস টোলিং ইনস্টল করার মাধ্যমে আমরা সবাইকে আরও সহজে হাডসন নদী পেরোতে এবং সাশ্রয়ী টোলিংয়ের সুযোগ দিচ্ছি।"

মোটর চালকরা 6 জুলাই রাত 11:50 এর দিকে একটু বিলম্বের প্রত্যাশা করতে পারেন কারণ মধ্যরাত থেকে বাস্তবায়নের আগে টোল প্লাজা ক্লিয়ারেন্সের অনুমতি দিতে ব্রিজে ট্রাফিক সাময়িকভাবে বন্ধ করতে হবে। টোল প্লাজা ক্লিয়ার করে দেওয়ার পর নতুন ট্রাফিক প্যাটার্নের মাধ্যমে ট্রাফিককে অগ্রসর হতে দেওয়া হবে।

7 জুলাই ক্যাশলেস টোলিং শুরু করার পর টোল বুথগুলি সম্পূর্ণভাবে ভেঙে না ফেলা পর্যন্ত গাড়িগুলি ডানদিকের লেন দিয়ে যাবে। সেই অন্তর্বর্তীকালীন সময়ে মোটর চালকদের কাজের

এলাকার মধ্যে দিয়ে সাবধানে অগ্রসর হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে। আগস্টে টোল প্লাজার পুনর্বাসন সম্পূর্ণ হবে বলে আশা করা হচ্ছে।

সমস্ত ড্রাইভারকে তাদের টোল পেমেন্টের সাক্ষয় এবং সুবিধার মাধ্যমে ই-জেড পাস ব্যবহার করতে উৎসাহ দেওয়া হচ্ছে। ট্যাগ ক্রয় করা যাবে এই ওয়েবসাইটে www.e-zpassny.com বা রাজ্যের কোনো রিটেলারের থেকে নিতে হবে।

ব্রজ অথোরিটির ওয়েবসাইটে এবং এদের সোশ্যাল মিডিয়া পেজ থেকে ক্যাশলেস টোলিংয়ের ব্যাপারে আরও তথ্য জানা যাবে। আরও জানুন www.nysba.ny.gov-এ। নিউ ইয়র্ক স্টেট ব্রিজ অথোরিটিকে পাওয়া যাবে [Facebook](https://www.facebook.com/nysba)-এ এবং [Twitter](https://twitter.com/nysba)-এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)